

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ রক্ত সম্পর্ক ছিন্নকারীকে মহান আল্লাহ দুনিয়াতেই দ্রুত শাস্তি দেন

ذِكْنُ تَعْجِيلِ اللَّهِ جَلَّ وَعَلَا الْعُقُوبَةَ لِلْقَاطِعِ رَحِمَهُ فِي الدُّنْيَا

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ عُينْ أَلْ عَلَيْهِ عُينْنَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ: عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ عَينْنَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ: عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا مِنْ ذَنْبٍ أَحْرَى أَنْ يُعَجِّلَ اللَّهُ لِصَاحِبِهِ الْعُقُوبَةَ فِي الدُّنْيَا مَعَ مَا يَدَّخِرُ لَهُ فِي الآخرة من قطيعة الرحم والبغي.)

الراوي: أَبو بَكْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 457 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৪৫৭. আবু বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন: "যুলম (বা রাষ্ট্রদ্রোহ) এবং রক্ত সম্পর্ক ছিন্ন করা ছাড়া এমন কোন পাপ এমন নেই যার সম্পাদনকারীকে মহান আল্লাহ দুনিয়াতেই দ্রুত শাস্তি দেন এবং আখিরাতেও তার জন্য শাস্তি জমা রাখেন!"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৩৮; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৬৭; হাকিম: ৪/১৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৯১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন